# ১২ লাখ টাকার ভাড়া না দিয়েই হোটেল ছাড়লেন এনসিপি নেতারা

ছবি: সংগৃহীত

রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ের একটি আবাসিক হোটেলে দীর্ঘ সময় অবস্থান করে প্রায় ১২ লাখ টাকার ভাড়া বকেয়া রাখা এবং আচরণগত অনিয়মের অভিযোগ উঠেছে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ঢাকা মহানগর দক্ষিণের কয়েকজন নেতার বিরুদ্ধে। অভিযোগ পাওয়ার পর বিষয়টি তদন্তে দলের শৃঙ্খলা কমিটি কাজ শুরু করেছে।

হোটেল ইয়ামেনী ইন্টারন্যাশনাল লিমিটেডের পক্ষ থেকে লিখিত অভিযোগে বলা হয়েছে, ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত দুটি কক্ষ ব্যবহার করা হলেও প্রায় ১১ লাখ ৯৩ হাজার ২০০ টাকার ভাড়া পরিশোধ করা হয়নি। শুরুতে অগ্রিম অর্থ দেওয়া হলেও পরে বকেয়া আর পরিশোধ করা হয়নি বলে দাবি হোটেল কর্তৃপক্ষের।

অভিযোগে আরও বলা হয়েছে, ভাড়া আদায়ে একাধিকবার যোগাযোগ করা হলেও সন্তোষজনক সাড়া মেলেনি। পাশাপাশি হোটেলে অবস্থানকালে বিভিন্ন ব্যক্তির নিয়মিত যাতায়াত ও কিছু অনাকাঙ্ক্ষিত কর্মকাণ্ডের অভিযোগও তোলা হয়েছে। এসব ঘটনার সিসিটিভি ফুটেজ সংরক্ষিত রয়েছে বলেও দাবি করেছে কর্তৃপক্ষ।

তবে অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত নেতারা। এনসিপির ঢাকা মহানগর দক্ষিণের সদস্য সচিব ইঞ্জিনিয়ার এস এম শাহরিয়ার বলেন, ভাড়ার বিষয়টি তার জানা নেই এবং তার বিরুদ্ধে আনা অন্যান্য অভিযোগও সঠিক নয়। অন্য কয়েকজন নেতাও দাবি করেছেন, কক্ষ ভাড়া ও অর্থ পরিশোধের দায়িত্ব তাদের ছিল না।

এ বিষয়ে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, অভিযোগটি দলের শৃঙ্খলা কমিটির কাছে রয়েছে। তদন্ত শেষে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সাংগঠনিক সিদ্ধান্ত নেওয়া হবে।

সূত্র: কালবেলা